দৈনিক জনকণ্ঠ
তারিখ 07 JUN 1995 পৃষ্ঠা ৭ কলাম ৬

# "জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী"

১৯৭৮ সালে একটি অধ্যাদেশ বলে "মৌলিক প্রাথমিক শিক্ষা একাডেমী" নামে একটি প্রতিষ্ঠান ময়মনসিংহে স্থাপন করা হয়। উক্ত প্রতিষ্ঠান বর্তমানে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী বা সংক্ষেপে নেপ নামে পরিচিত। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের আওতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নিয়ন্ত্রণে নেপ এর কাজ পরিচালিত হয়।

**নেপ অনুষদ ঃ**

বর্তমানে পরিচালক, উপ-পরিচালক, বিশেষজ্ঞ ও সহকারী বিশেষজ্ঞ সমন্বয়ে ৩৬ জন সদস্য দিয়ে নেপ অনুষদ গঠিত। অনুষদ সদস্যগণ স্ব স্ব পেশায় অভিজ্ঞ এবং উচ্চতর প্রশিক্ষণ প্রাপ্ত। এ ছাড়া ৪৯ জন সহায়ক কর্মকর্তা ও কর্মচারীও নেপ কর্মরত রয়েছেন।

**একাডেমীর কর্মতৎপরা ঃ**

সৃষ্টির পর থেকে ১৯৯৪ সাল পর্যন্ত সময়ে একাডেমী প্রায় ১১০০০ জন শিক্ষা কর্মকর্তাকে শিক্ষা প্রশাসন, বিদ্যালয় ব্যবস্থাপনা, শিক্ষা পরিদর্শন, মনিটরিং ও কারিকুলাম বাস্তবায়ন বিষয়ে স্বল্প মেয়াদি প্রশিক্ষণ প্রদান করেছে। একাডেমী বর্তমান বছরে পি, টি, আই সুপার এবং ইনষ্ট্রাক্টরদের জন্য শিক্ষামূলক গবেষণা' এবং মূল্যায়ন ও অভিক্ষা প্রণয়নের" উপর নতুন দুটি প্রশিক্ষণ কোর্স প্রবর্তন করেছে।

একাডেমী ইউনিসেফের আর্থিক সহায়তায় ঢাকা বিভাগের ১০৩ জন এ, টি, ই, ও কে ভি, আইপি, পি পদ্ধতির উপর প্রশিক্ষণ দিয়েছে। অন্যদিকে ইউ, এন, ডি, পির সহযোগিতায় পি, টি, আই সমূহের ব্যবস্থাপনা বিষয়ে একটি সহায়িকাও তৈরী করেছে। এ ছাড়া ৩২ জন ইনফেপ জেলা সমন্বয়কারীকেও শিক্ষা প্রশাসন, ব্যবস্থাপনা ও উপানুষ্ঠানিক শিক্ষা বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে।

একাডেমী পি, টি, আই ইনষ্ট্রাক্টরদের জন্য "প্রাথমিক শিক্ষা ও আধুনিক চিন্তাধারা" এবং "শিক্ষানীতি" নামক দুটি নতুন প্রশিক্ষণ ম্যানুয়েল প্রণয়ন করেছে। উক্ত দুটি বিষয়ে পি, টি, আই ইনষ্ট্রাক্টরদেরকে চৌদ্দ দিনের দুটি প্রশিক্ষণও প্রদান করেছে।

**জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ঃ**

১৯৮৫ সাল থেকে একাডেমী "জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ" উদ্‌যাপন করে আসছে। প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদযাপনের মূল দর্শন ও উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের প্রাথমিক শিক্ষা এবং শিক্ষা ব্যবস্থার সংগে জড়িত ছাত্র, অভিভাবক, শিক্ষক, পরিদর্শক, শিক্ষানুরাগী সকলকে এক সূত্রে বাঁধা এবং সকলকে তাঁদের স্ব স্ব কাজের

(১০-এর পাতায় দেখুন)

জাতীয় প্রাথমিক শিক্ষা
*(৭ম পৃষ্ঠার পর)*

মান অনুসারে স্বীকৃতি দান কার। ১৯৯৪ সাল থেকে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উদ্যোগে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উদ্‌যাপিত হচ্ছে। "নেপ" প্রাথমিক গণশিক্ষা বিভাগের পক্ষে এ সপ্তাহ পালনের সার্বিক কর্মকাণ্ড পরিচালনা করছে।

**গবেষণা ও প্রকাশনা ঃ**

গবেষণা ও একাডেমীর একটি নিয়মিত কাজ। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বিরাজমান বিভিন্ন সমস্যার উপর একাডেমী তার সীমিত সম্পদ থেকে প্রতি বছরই গবেষণা কাজ করে থাকে। কারিকুলাম, উন্নয়ন, বিদ্যালয় প্রশাসন, পরিদর্শন, পরীক্ষা, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, কারিকুলাম বাস্তবায়ন, বিদ্যালয় ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের সংগে সম্পৃক্ত সমস্যার উপর বহু গবেষণা একাডেমী পরিচালনা করেছে।

প্রাথমিক শিক্ষার উন্নয়নে একাডেমী একটি প্রফেশনাল ইনষ্টিটিউশন প্রশিক্ষণ, গবেষণা, প্রকাশনা এবং শিক্ষার ক্ষেত্রে নবতর ভাব ধারা সৃষ্টি ও প্রবর্তনের মধ্য দিয়ে দেশের প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন ও উৎকর্ষতা সাধনই একাডেমীর মূখ্য কাজ। একাডেমী নিষ্ঠার সাথে তা সম্পন্ন করে আসছে। আশা করা যায় আগামী দিনে একাডেমী আরো বলিষ্ঠ ও বৃহত্তর ভূমিকা পালনে যথাসাধ্য চেষ্টা করবে।